কুষ্টিয়ায় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার উদ্বোধন

পরিবেশের ভারসাম্য রক্ষা, জীববৈচিত্র্য সংরক্ষণ এবং জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় ব্যাপকভাবে বৃক্ষরোপণের পাশাপাশি লাগানো গাছের নিয়মিত পরিচর্যার ওপর গুরুত্বারোপ করেছেন কুষ্টিয়ার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো. তৌহিদ বিন-হাসান।

তিনি বলেন, “গাছ শুধু লাগালেই হবে না, তার পরিচর্যাও নিশ্চিত করতে হবে। প্রতিটি ভালো কাজেই চ্যালেঞ্জ থাকে। সেই চ্যালেঞ্জ মোকাবিলা করেই আমাদের এগিয়ে যেতে হবে। পরিবেশ রক্ষা এবং সুস্থ ভবিষ্যৎ গড়তে বেশি বেশি গাছ লাগানোর কোনো বিকল্প নেই।”

সোমবার (২৭ জুলাই) সকাল সাড়ে ১০টায় ‘বৃক্ষরোপণে সাজাই দেশ, সবার আগে বাংলাদেশ’ প্রতিপাদ্যকে সামনে রেখে কুষ্টিয়া জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে আয়োজিত ‘বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা-২০২৬’-এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি আরও বলেন, “ফলজ, বনজ ও ঔষধি গাছ আমাদের পরিবেশের পাশাপাশি মানুষের পুষ্টি ও স্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। শিশুদের ছোটবেলা থেকেই গাছের গুরুত্ব সম্পর্কে সচেতন করে তুলতে হবে, কারণ তারাই আগামী দিনের বাংলাদেশ গড়ে তুলবে।”

জেলা প্রশাসক আরও বলেন, “একটি গাছ শুধু অক্সিজেনই দেয় না; এটি পরিবেশ রক্ষা, জলবায়ু নিয়ন্ত্রণ, মাটির ক্ষয়রোধ, জীববৈচিত্র্য সংরক্ষণ এবং মানুষের খাদ্য ও পুষ্টি নিশ্চিত করতেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। তাই প্রত্যেকে অন্তত একটি করে গাছ লাগানোর পাশাপাশি সেটিকে বড় করে তোলার দায়িত্বও নিতে হবে।”

উদ্বোধনের আগে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ থেকে বেলুন উড়িয়ে একটি বর্ণাঢ্য র্যালির সূচনা করা হয়। র্যালিটি কালেক্টরেট চত্বর প্রদক্ষিণ করে মেলা প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসক মো. তৌহিদ বিন-হাসান ফিতা কেটে সাত দিনব্যাপী বৃক্ষমেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

কুষ্টিয়া জেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের যৌথ আয়োজনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জাকির হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়ার পুলিশ সুপার মোহাম্মদ জসীম উদ্দিন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ ড. মো. শওকত হোসেন ভূঁইয়া এবং কুষ্টিয়া জেলা বিএনপির আহ্বায়ক কুতুব উদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন কুষ্টিয়া বিভাগীয় বন কর্মকর্তা মো. রেজাউল আলম। এছাড়াও বক্তব্য রাখেন নার্সারি মালিক রুহুল আমিন, ছাত্র প্রতিনিধি এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ।

মেলায় ৩০টি স্টলে বিভিন্ন প্রজাতির ফলজ, বনজ, ঔষধি ও শোভাবর্ধনকারী গাছের চারা প্রদর্শন ও বিক্রির ব্যবস্থা করা হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ বিভিন্ন স্টল পরিদর্শন করেন এবং নার্সারি মালিকদের সঙ্গে মতবিনিময় করেন।

আয়োজকরা জানান, বৃক্ষরোপণে সাধারণ মানুষের আগ্রহ বৃদ্ধি, পরিবেশ সংরক্ষণে সচেতনতা সৃষ্টি এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় জনগণকে সম্পৃক্ত করাই এ বৃক্ষমেলার মূল উদ্দেশ্য।

মেহেরপুরে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার উদ্ধোধন

“বৃক্ষ রোপণে সাজাই দেশ, সবার আগে বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৬ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে র্যালিটি বের হয়। জেলা প্রশাসক শিল্পী রানী রায়ের নেতৃত্বে বাদ্যযন্ত্রের তালে তালে র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে

এসে শেষ হয়। পরে সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

র্যালিতে অংশ নেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার আতিকুল হক, সামাজিক বন বিভাগ কুষ্টিয়ার বিভাগীয় বন কর্মকর্তা মো. রেজাউল আলম, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তোফাজ্জেল হোসেন, জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত কৃষি কর্মকর্তা শায়খুল ইসলাম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, জেলা জামায়াতে ইসলামীর রাজনৈতিক সেক্রেটারি কাজী রুহুল আমিন, মেহেরপুর জেলা শ্রমিক ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, বন কর্মকর্তা এইচ. টি. হামিম, জেলা জাসাসের আহ্বায়ক বাকা বিল্লাহসহ বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক নেতৃবৃন্দ এবং সামাজিক সংগঠনের প্রতিনিধিরা।

র্যালি শেষে বক্তারা পরিবেশের ভারসাম্য রক্ষা, বনায়ন সম্প্রসারণ এবং দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচি সফল করতে সবাইকে বেশি বেশি গাছ লাগানো ও পরিচর্যার আহ্বান জানান। পাশাপাশি জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে সবুজ বাংলাদেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করা হয়।

কোটচাঁদপুরে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা উদ্বোধন

পরিকল্পিত বনায়ন করি,সবুজ বাংলাদেশ গড়ি এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাদইদহের কোটচাঁদপুরে পাঁচ দিন ব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ফিতা কেটে ও বেলুন উড়িয়ে উদ্বোধন করা হয়।

এ উপলক্ষ্যে উপজেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়। আগামী ১৭ আগস্ট মেলা শেষ হবে।

আজ বুধবার সকালে কোটচাঁদপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়

সংলগ্ন মাঠে এই মেলার উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার কাজী আনিসুল ইসলাম।

এই মেলায় উপজেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের আয়োজনে সরকারি বেসরকারি ১৭টি নার্সারি স্টল প্রদর্শন করেছেন।এর আগে মেলা স্থল থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা সহকারী বন সংরক্ষক খোন্দঃ গিয়াস উদ্দিন, কোটচাঁদপুর সামাজিক বন কর্মকর্তা ভারপ্রাপ্ত শফিকুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার জাহিদ ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহুরুল ইসলাম,একাডেমি সুপারভাইজার ফারুখ হোসেন,তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা।

মেলায় উপজেলার বিভিন্ন নার্সারি উদ্যোক্তারা বাহারি ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা প্রদর্শন করেন। এ ছাড়া ছাদবাগানে রোপণ উপযোগী গাছ-গাছালির পসরা সাজিয়েছেন নার্সারি উদ্যোক্তারা।

সুলভ মূল্যে বিভিন্ন ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা বিক্রয় করা হবে স্টলগুলোতে।

মেহেরপুরে সপ্তাহব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার উদ্বোধন

“পরিকল্পিত বনায়ন করি, সবুজ বাংলাদেশ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে সপ্তাহব্যাপী বৃক্ষমেলার উদ্বোধন করেছেন মেহেরপুর জেলা প্রশাসন ও বন বিভাগ।

এ উপলক্ষে সোমবার (২৭ জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে জেলা শিল্পকলা একাডেমির সামনে থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে ফিতা কেটে

বৃক্ষমেলার উদ্বোধন করা হয়।

এরপর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

বিভাগীয় বন কর্মকর্তা মোঃ রেজাউল আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এছাড়াও, স্থানীয় সরকারের ভারপ্রাপ্ত উপপরিচালক মোঃ তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর, জেলা শিক্ষা অফিসার হজরত আলী, জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনীর, জেলা বন বিভাগের কর্মকর্তা এসটি হামিম হায়দারসহ সরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

সপ্তাহব্যাপী বৃক্ষমেলায় বিভিন্ন স্টলে ফলজ, বনজ ও ঔষধি গাছ সাজিয়ে রাখা হয়। এ সময় বিভিন্ন স্টল পরিদর্শন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। এই মেলায় ১৭টি স্টল স্থাপন করা হয়েছে।

মেহেরপুরে সপ্তাহব্যাপী বৃক্ষমেলার উদ্বোধন

“বৃক্ষ দিয়ে সাজাই দেশ”, “সমৃদ্ধ করি বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সমনে রেখে সপ্তাহব্যাপী বৃক্ষমেলা উদ্বোধন করেছেন মেহেরপুর জেলা প্রশাসন ও বন বিভাগ।

এ উপলক্ষে আজ সোমবার (৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০ টার দিকে মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে থেকে একটি র্যালি বের করে প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। পরে মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে ফিতা কেটে বৃক্ষমেলার উদ্বোধন করা হয়।

এ সময় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান।

বক্তব্য রাখেন বিভাগীয় বন কর্মকর্তা সামাজিক বন বিভাগ (কুষ্টিয়া) কাশ্যপী বিকাশ চন্দ্র, মহিলা সরকারি কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু, জেলা বন বিভাগের কর্মকর্তা এসটি হামিম হায়দার সহ সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ।

সপ্তাহব্যাপী বৃক্ষমেলায় বিভিন্ন স্টলে ফলজ, বনজ ও ঔষধি গাছ সাজিয়ে রাখা হয়।

এ সময় বিভিন্ন স্টল পরিদর্শন করেন জেলা প্রশাসক শামীম হাসান। এই মেলায় ১৭ টি স্টল স্থাপন করা হয়েছে।

চুয়াডাঙ্গায় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার শুভ উদ্বোধন

গাছ লাগিয়ে যত্ন করি, সুস্থ প্রজন্মের দেশ গড়ি প্রতিপাদ্য নিয়ে চুয়াডাঙ্গায় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার শুভ উদ্বোধন করা হয়েছে। সোমাবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সামাজিক বন বিভাগের আয়োজনে এবং চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা-২০২৩ উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালি এবং র্যালি পরবর্তী আলোচনা সভা জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার (ছেলুন)।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক(প্রশাসন ও অর্থ),চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর ইসরাফিল হোসেন,চুয়াডাঙ্গা বিভাগীয় বন কর্মকর্তা সামাজিক বন বিভাগ জি এম মোহাম্মদ কবির, চুয়াডাঙ্গা

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাস চন্দ্র সাহা,চুয়াডাঙ্গা জেলা মার্কেটিং অফিসার শহিদুল ইসলাম সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা ও বন বিভাগ এবং বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধান গণ উপস্থিত ছিলেন।

এসময় অতিথিবৃন্দ বাড়ির আঙ্গিনা ছাদে এমন কি পতিত জমিতে গাছ লাগানোর জন্য আহবান জানান এবং গাছ লাগিয়ে গাছের উপর সঠিক ভাবে পরিচর্যা করার জন্যও আহবান জনান । অতিথিবৃন্দ জেলা শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে বৃক্ষরোপণ করেন এবং শিক্ষার্থীদের হাতে গাছের চারা তুলে দেন।